



রাজধানী ও পার্শ্ববর্তী জেলায় কড়া নিরাপত্তা, মাঠে ১৪ প্লাটুন বিজিবি



সংগৃহীত ছবি

রাজধানী ঢাকা ও আশপাশের জেলাগুলোর আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-এর অতিরিক্ত সদস্য মোতায়েন করা হয়েছে।

বুধবার (১২ নভেম্বর) বিজিবির সদর দপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজিবির পক্ষ থেকে জানানো হয়েছে, শান্তিশৃঙ্খলা বজায় রাখতে ও যেকোনো অস্থিতিশীল পরিস্থিতি মোকাবিলায় রাজধানীতে ১৪ প্লাটুন সদস্য দায়িত্ব পালন করছে। সকাল থেকেই তারা শহরের গুরুত্বপূর্ণ এলাকাগুলোতে টহল ও নজরদারি চালাচ্ছে।

গত কয়েক দিনে রাজধানীসহ বিভিন্ন স্থানে ককটেল বিস্ফোরণ ও যানবাহনে অগ্নিসংযোগের ঘটনায় উদ্বেগ বেড়েছে নাগরিকদের মধ্যে। তবে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার শেখ মো. সাজ্জাত আলী আশ্বস্ত করে বলেন, ১৩ নভেম্বরকে কেন্দ্র করে বিশেষ কোনো আশঙ্কা নেই। বরং ওই দিন অতিরিক্ত নিরাপত্তা বলয় গড়ে তোলা হবে যাতে পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে থাকে।

LENS ASIA